দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 DEC 1990 ...
পৃষ্ঠা... 07 ... কলাম... 6 ...

36

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসির অপসারণ দাবী

ন্যাপ (ভাসানী)'র চেয়ারম্যান এডভোকেট আবু জাফর চৌধুরী গতকাল এক বিবৃতিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ঘটনার জন্য ভিসিকে দায়ী করিয়া বলিয়াছেন: সারাদেশে গোলযোগ ও বিভ্রান্তি সৃষ্টি করিয়া দেশপ্রেমিক জাতীয়তাবাদী শক্তিকে ধ্বংস করার ষড়যন্ত্রের অংশ হিসাবে ইহা করানো হইয়াছে। তিনি দেশের শান্তি-শৃংখলা রক্ষা ও ন্যায় বিচারের স্বার্থে ভিসিকে অবিলম্বে বরখাস্ত করা এবং ভিসিসহ ঘটনার জন্য দায়ী সকলের বিচার দাবী করেন।

পিপলস্ ডেমোক্রেটিক পার্টির সভাপতি নুরুল ইসলাম চৌধুরী ও সাধারণ সম্পাদক মোঃ নুরউল্লাহ গতকাল এক যুক্ত বিবৃতিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ঘটনার জন্য জয়বাংলা শ্লোগানধারীদের দায়ী করিয়া, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি'র অপসারণ দাবী করেন।